

**National Education Society for  
Tribal Students  
New Delhi**

Detailed syllabus for the posts of Post Graduate  
Teachers (PGTs)

## Syllabus -PGTs

- **General awareness**

General knowledge and Current affairs with special emphasis in the field of education.

- **Reasoning Ability**

Puzzles & Seating arrangement, Data sufficiency, Statement based questions (Verbal reasoning), Inequality, Blood relations, Sequences and Series, Direction Test, Assertion and Reason, Venn Diagrams.

- **Knowledge of ICT**

Fundamentals of Computer System, Basics of Operating System, MS Office, Keyboard Shortcuts and their uses, Important Computer Terms and Abbreviations, Computer Networks, Cyber Security, and Internet.

- **Teaching aptitude**

Teaching-Nature, Characteristics, Objectives and Basic requirements, Learner's characteristics, Factors affecting teaching, Methods of Teaching, Teaching Aids and Evaluation Systems.

- **Experiential activity-based pedagogy and case study based**

- **National Education Policy (NEP)- 2020**

- **General English**

Verb, Tenses, Voice, Subject-Verb Agreement, Articles, Comprehension, Fill in the Blanks, Adverb, Error Correction, Sentence Rearrangement, Unseen Passages, Vocabulary, Antonyms/Synonyms, Grammar, Idioms & Phrases

- **General Hindi**

संधि, समास, विलोम शब्द, पर्यायवाची शब्द, सामान्य असुद्धियाँ, वाक्यांशों के लिए एक शब्द, मुहावरे- लोकोक्तियाँ, अपठित गद्यांश पर आधारित प्रश्न |

## বাংলা

### ১। পাঠ্যপুস্তক নির্ভর প্রশ্ন:

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ প্রকাশিত উচ্চতর মাধ্যমিক বাংলা সাহিত্য সংকলন ‘সাহিত্য মালত্র’ (একাদশ ও দ্বাদশ - শ্রেণি) দুটি গ্রন্থের পাঠ্যসূচি অনুযায়ী কবিতা, গদ্য, নাটক ও ছোটগল্প অবলম্বনে প্রশ্ন থাকবে।

(ক) প্রশ্নের বিষয়: রচয়িতার পরিচয়, বিষয়বস্তুর স্বরূপ, রসবৈশিষ্ট্য নির্ধারণ, চরিত্র বৈশিষ্ট্য নিরূপণ (কাহিনি ভিত্তিক রচনার ক্ষেত্রে পূর্ব বর্ণিত বিষয়গুলি অন্তর্ভুক্ত হবে)।

(খ) পাঠ্যাংশ থেকে উদ্ধৃত অংশের ভিত্তিতে টীকা, ব্যাখ্যা এবং ভাষাগত বৈশিষ্ট্যের প্রশ্ন থাকবে।

### ২। বাংলা সাহিত্যের ইতিহাস:

#### (ক) প্রাচীন ও মধ্যযুগ (১০-ম থেকে ১৮-শ শতক):

- প্রাচীন ও মধ্যযুগের আর্থ - সামাজিক প্রেক্ষাপটে বাংলা সাহিত্যের উন্মেষ, উদ্ভব, বিকাশ ও প্রভাব।
- বাংলা কাব্যের উদ্ভব ও প্রকাশকাল; বিভিন্ন কাব্যধারা ও তার প্রধান প্রধান কবির পরিচয়; কাব্য বিষয়ের বৈচিত্র্য ও বিবিধ বৈশিষ্ট্য; ঐতিহাসিক গুরুত্ব ও সাহিত্যমূল্য।

বিষয়: বাংলা ভাষার উদ্ভব, চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, বৈষ্ণব পদাবলী, অনুবাদ কাব্য (রামায়ণ, মহাভারত ও ভাগবত), মঙ্গলকাব্য, চৈতন্য-জীবনীকাব্য, নাথসাহিত্য, আরাকান রাজসভার সাহিত্য, শাক্ত পদাবলী, ময়মনসিংহ গীতিকা, বাউলগান।

#### (খ) আধুনিক যুগ (১৯-শ থেকে ২০-শ শতক):

- যুগসন্ধি ও আধুনিক যুগপর্বের প্রধান প্রধান ঐতিহাসিক ঘটনা এবং বাংলা সাহিত্যে তার প্রভাব।

রচয়িতার জীবন ও সৃজনকর্মের বিশিষ্টতা, গ্রন্থের নাম, প্রকাশকাল, বিষয়বস্তু, চরিত্র-নির্মাণ (আখ্যান নির্ভর রচনার ক্ষেত্রে)।

- সাময়িকপত্রের ক্ষেত্রে - প্রথম প্রকাশকাল, ঐতিহাসিক গুরুত্ব, সম্পাদকের নাম।

বিষয়: গদ্য, প্রবন্ধ সাহিত্য, সাময়িকপত্র (‘দিগদর্শন’ থেকে ‘কবিতা’ পত্রিকা অবধি), কাব্যসাহিত্য, নাট্যসাহিত্য, কথাসাহিত্য ।

### ৩। সাহিত্যের রূপ-রীতি:

- কাব্য: আখ্যানকাব্য, মহাকাব্য, গীতিকবিতা, সনেট।
- প্রবন্ধ: সংজ্ঞা - স্বরূপ, রম্যরচনা ও সমালোচনা সাহিত্য।
- নাটক: ট্রাজেডি, কমেডি, প্রহসন, পৌরাণিক নাটক, ঐতিহাসিক নাটক, সামাজিক নাটক, একাক্ষ নাটক, রূপক-সাংকেতিক নাটক, কাব্যনাট্য, নাট্যকাব্য ।
- উপন্যাস: নভেল ও রোমান্স, ঐতিহাসিক উপন্যাস, সামাজিক উপন্যাস, আঞ্চলিক উপন্যাস, রাজনৈতিক উপন্যাস, মনস্তাত্ত্বিক উপন্যাস, আত্মজীবনীমূলক উপন্যাস, কাব্যোপন্যাস ।
- ছোটগল্প: ছোটগল্পের বিবিধ বৈচিত্র্য ।

### ৪। বাংলা ভাষাতত্ত্ব :

(ক) বাংলা ভাষার উদ্ভব : ভাষা এবং উপভাষার সম্পর্ক, বাংলার উপভাষা , সাধু ও চলিত ভাষা ( বৈশিষ্ট্য , পার্থক্য ও রূপান্তর )

(খ) ধ্বনিতত্ত্ব: বাংলার স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির পরিচয় ও উচ্চারণস্থান, বাংলার ধ্বনি-পরিবর্তনের কারণ এবং কয়েকটি বিশিষ্ট নিয়ম - (স্বরভক্তি, অপিনিহিতি, অভিশ্রুতি, স্বরসঙ্গতি, সমীভবন, বর্ণবিপর্যয়, বিষমীভবন, নাসিকীভবন, ধ্বনিলোপ, স্বরাগম, বর্ণদ্বিত্ব, লোকনিরুক্তি, অল্পপ্রাণীভবন, মহাপ্রাণীভবন, ঘোষীভবন, অঘোষীভবন, সমাক্ষরলোপ, সাদৃশ্য, জোড়কলম শব্দ, শ্রুতিধ্বনি)।

(গ) শব্দভান্ডার - শব্দের বিভিন্ন শ্রেণিবিভাগ (তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বেদেশি বা আগতুক ও সংকর শব্দ)।

(ঘ) শব্দার্থতত্ত্ব - শব্দের অর্থ পরিবর্তনের প্রধান প্রধান কারণ ও বিভিন্ন ধারা (অর্থ-বিস্তার, অর্থ-সংকোচ, অর্থসংক্রম বা অর্থ-সংশ্লেষ)।

#### ৫। কাব্য নির্মাণশৈলী:

(ক) ছন্দ: সংজ্ঞা , বিচার , দল / অক্ষর, কলা বা মাত্রা, ছেদ, যতি, পর্ব, পর্বাঙ্গ, লয়, পংক্তি, চরণ ও স্তবক। নামান্তর সহ অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত ও স্বরবৃত্ত ছন্দ।

#### (খ) অলঙ্কার:

- শব্দালঙ্কার - অনুপ্রাস, যমক, শ্লেষ, বক্রোক্তি।

অর্থালঙ্কার - উপমা, রূপক, উৎপ্রেক্ষা, ব্যাজস্তুতি, অতিশয়োক্তি, অপহুতি, সমাসোক্তি, ব্যতিরেক, বিরোধ, নিশ্চয়, সন্দেহ।

(গ) কাব্য-বিচারে ধ্বনিবাদী ও রসবাদীদের মতামত।

\*\*\*\*\*